গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ অধিশাখা
www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০৪১.১৮.০৪১.১৬ (অংশ-১)-১৮১

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৯ / ৩০ জুন ২০২২

**বিষয়: আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষে **মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়ের সভাপতিতে ১৪/০৬/২০২২ তারিখ সকাল ১১:০০ টায় এক আন্ত:মন্ত্রণালয় সভা** অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৩০/০৬/২২
(মো: তৌফিক ইমাম)
উপসচিব
☎ +৮৮০২৪১০৫০২৪৩
admin6@mor.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ৬, ফিনিক্স রোড, ফুলবাড়ীয়া, ঢাকা।
৩. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), পিলখানা, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব ফোর্সেস হেডকোয়ার্টার, পুরাতন কার্গো এডমিন বিল্ডিং, কুর্মিটোলা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৭. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৮. অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, হাউজ নং ১২/সি, রোড নং১০৫, গুলশান-২, ঢাকা।
৯. যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১০. অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১১. মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী
১২. কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, রমনা, ঢাকা।
১৩. সরকারী রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ঢাকা।
১৪. উপসচিব (প্রশাসন-২/৪ অধিশাখা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৫. প্রধান যান্ত্রিক প্রকৌশলী (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
১৬. সিওপিএস/সিসিএম (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
১৭. সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১৮. ডিআরএম (ঢাকা/চট্টগ্রাম/পাকশী/লালমনিরহাট), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা।
১৯. পুলিশ সুপার, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা/ চট্টগ্রাম/ সৈয়দপুর।
২০. চীফ কম্যান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
২১. জনাব মালিহা এম. কাদের, লিড পার্টনার, সহজ লিমিটেড, Shohoz-Synesis-Vincen JV- হাউজ -৫৫/বি, রোড -২১, বনানী, ঢাকা- ১২১৩।
২২. জনাব সগির আহমেদ রবিন, জেনারেল ম্যানেজার, লিড পার্টনার, Shohoz-Synesis-Vincen JV, হাউজ -৫৫/বি, রোড -২১, বনানী, ঢাকা- ১২১৩।

অ: পৃ: দ্র:

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ অধিশাখা
www.mor.gov.bd

**বিষয়: আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: নূরুল ইসলাম সুজন, এমপি<br>মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১৪ জুন ২০২২ |
| সময় | : | সকাল ১১:০০ টা |
| স্থান | : | সভাকক্ষ ( যমুনা; কক্ষ নং- ৮২৫), রেলভবন, ঢাকা। |

**সভার উপস্থিতি:** সভায় রেলপথ মন্ত্রণালয়ের সচিব, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), যুগ্মসচিব (বাজেট/পরিকল্পনা), বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন/আরএস/আই), বাংলাদেশ রেলওয়ের মহাব্যবস্থাপক (পশ্চিম/পূর্ব), রেলওয়ে পুলিশের অতিরিক্ত ডিআইজি, বাংলাদেশ পুলিশের এআইজি (ট্রাফিক ম্যানেজমেন্ট), রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৬), জননিরাপত্তা বিভাগের উপসচিব, বিজিবি'র অতিরিক্ত পরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ের যুগ্মমহাপরিচালক (অপারেশন), পরিচালক (ট্রাফিক/পরিবহন), ডিআরএম (ঢাকা/লালমনিরহাট/পাকশী), এনএসআই-এর উপপরিচালক এবং রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণসহ Shohoz-Synesis-Vincen JV এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখা যেতে পারে।

২। **সভার প্রারম্ভিক আলোচনা:**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি বলেন, মুসলমানদের অন্যতম বড় ধর্মীয় উৎসব পবিত্র ঈদ-উল আযহা উদ্‌যাপন উপলক্ষে ঘরমুখো মানুষের নিরাপদে গন্তব্যস্থলে পৌঁছার জন্য বাংলাদেশ রেলওয়ের ভূমিকা অন্যতম। তিনি **"টিকিট যার, ভ্রমণ তার"** এ শ্লোগানটি ব্যাপকভাবে প্রচার করার বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি বলেন ঈদে যাত্রীগণের বাড়ী যাওয়া আসার সময় বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলে তেমন কোন অসুবিধার সম্মুখীন হতে হয় না তবে পশ্চিমাঞ্চলে কিছু অসুবিধা হয়ে থাকে। লালমনিরহাট ও কুড়িগ্রাম জেলার অনেক যাত্রী ঢাকায় গার্মেন্টসসহ বিভিন্ন কলকারাখানায় কাজ করে। এ স্বল্প আয়ের জনগণ স্বল্প ব্যয় ও নিরাপদে কিভাবে তাদের বাড়ীতে পৌঁছানো যায় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। তিনি বলেন ২৫ জুন ২০২২ তারিখ পদ্মা সেতু চালু হলে খুলনাসহ ঐ অঞ্চলের রেল যাত্রীর চাপ কিছুটা কমে আসার সম্ভাবনা রয়েছে। গত ঈদের মত সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে এবারও রেলে যাত্রীদের ঈদ যাত্রাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরো বলেন যে, আশা করা যায় ২০-২১ জুন ২০২২ এর মধ্যে সহজ সিনোসিস ভিনসেন জেভি নতুন মোবাইল এ্যাপ " রেলসেবা" চালু করার সম্ভাবনা রয়েছে। অতঃপর তিনি উপসচিব (প্রশাসন-৬)-কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২.২ উপসচিব (প্রশাসন-৬), রেলপথ মন্ত্রণালয় সভায় জানান, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষে বাংলাদেশ রেলওয়ের প্রস্তুতির জন্য অদ্যকার সভার আয়োজন করা হয়েছে। পরবর্তীতে তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

২৫

২.৩। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে সভায় জানান, প্রতি বছরের ন্যায় এবারও ঈদ উপলক্ষে বাংলাদেশ রেলওয়ে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চল হতে অগ্রিম টিকিট বিক্রয়, টিকিট কালোবাজারি রোধ ও যাত্রীদের নিরাপদ চলাচল নিশ্চিতকরণসহ আইন-শৃঙ্খলা রক্ষা, স্বাভাবিক ও বিশেষ ট্রেন সার্ভিস পরিচালনার বিষয়ে একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ঢাকা (কমলাপুর) স্টেশনে যাত্রীর চাপ কমানোর লক্ষ্যে ঢাকা শহরের নিয়োক্ত ৬টি ও জয়দেবপুর রেলওয়ে স্টেশনে ১টিসহ মোট ০৭টি কেন্দ্র হতে টিকিট বিক্রয় করার জন্য তিনি প্রস্তাব করেন:

| স্টেশনের নাম | ট্রেনের রুট |
|---|---|
| ঢাকা (কমলাপুর) | সমগ্র উত্তরাঞ্চলগামী আন্ত:নগর ও বী.মু. সি.ই (পঞ্চগড়) ঈদ স্পেশাল ট্রেন |
| ঢাকা (কমলাপুর) শহরতলী প্লাটফরম | রাজশাহী ও খুলনাগামী সকল আন্ত:নগর ট্রেন |
| ঢাকা বিমানবন্দর | চট্টগ্রাম ও নোয়াখালীগামী সকল আন্ত:নগর ট্রেন |
| তেজগাঁও | ময়মনসিংহ, জামালপুর, দেওয়ানগঞ্জগামী সকল আন্ত:নগর ট্রেন ও দেওয়ানগঞ্জ ঈদ স্পেশাল ট্রেন |
| ঢাকা ক্যান্টনমেন্ট | মোহনগঞ্জগামী মোহনগঞ্জ ও হাওড় এক্সপ্রেস ট্রেন |
| ফুলবাড়িয়া (পুরাতন রেলওয়ে স্টেশন) | সিলেট, কিশোরগঞ্জগামী সকল আন্ত:নগর ট্রেন |
| জয়দেবপুর | বী.মু.সি.ই. (পঞ্চগড়) ঈদ স্পেশাল ট্রেন |

২.৪। ডিআরএম (লালমনিরহাট) জানান লালমনিরহাটসহ আশেপাশের এলাকায় যাত্রীর চাপ অত্যন্ত বেশী । তিনি ট্রেনে অতিরিক্ত কোচ সংযোজনের উপর গুরুত্বারোপ করেন। এর জন্য ঢাকা–সিলেট, চট্টগ্রাম-সিলেট রুটের ট্রেন কমিয়ে দিয়ে ঢাকা – পঞ্চগড় রুটে অতিরিক্ত (ঈদের ৩ দিন) কোচ সংযোজনের আবেদন জানান।

২.৫। মহাব্যবস্থাপক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে সভায় জানান, ঈদের এ বিশেষ সময়ে নিরাপত্তা ও যাত্রী সেবার মান নিশ্চিত করার জন্য আরএনবি সদস্যদের পাশাপাশি আনসার সদস্য নিয়োগ করা যেতে পারে।

২.৬। অতিরিক্ত ডিআইজি (টি এম) পুলিশ হেডকোয়ার্টার্স বলেন উত্তরবঙ্গে আরো ট্রেন/কোচ বাড়ানো যেতে পারে। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার ব্যাপারে তারা সচেষ্ট এবং প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

২.৭। ঢাকা মেট্রোপলিটন পুলিশ-এর প্রতিনিধি জানান ২৫ জুন ২০২২ তারিখ এবং আসন্ন পবিত্র ঈদ-উল- আযহাকে সামনে রেখে ঢাকা মেট্রোপলিটন পুলিশের পক্ষ হতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। যাত্রী হয়রানি, টিকিট কালোবাজারিরোধ, অজ্ঞান পার্টি, মলম পার্টি যাতে কোন ধরণের সমস্যা সৃষ্টি করতে না পারে সেজন্য বেশ কয়েকটি টিম মাঠে কাজ করবে। ডিএমপি কমিশনার এ বিশেষ সময়ে নিরাপত্তার বিষয়ে বিশেষ নির্দেশনা প্রদান করেছেন মর্মে তিনি সভাকে অবহিত করেন। ঈদ উপলক্ষে শুধু ট্রেন স্টেশন নয়, বাস এবং লঞ্চ টার্মিনালেও নিরাপত্তার ব্যবস্থা করা হবে। ঢাকা (কমলাপুর) রেলস্টেশনের আশপাশের এলাকায় লোকাল থানা হতে ফোর্স মোতায়েনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

২.৮। বিজিবি-এর প্রতিনিধি জানান বর্ডার সুরক্ষায় বিজিবি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের পাশাপাশি স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে নির্দেশনা পেলে সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করবেন।

২.৯। জননিরাপত্তা বিভাগের উপসচিব জানান আসন্ন ঈদ- উল আযহা উপলক্ষে জননিরাপত্তা বিভাগ হতে এ্যাকশন প্ল্যান তৈরি করা হয়েছে সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

২৫

২.১০। সিসিএম (পূর্ব) জানান ২০০ জন পয়েন্টসম্যান এবং ১৫১ জন গেট কিপার দৈনিক মজুরি ভিত্তিতে কাজ করে। এ ছাড়াও অন্যান্য বিভাগেও দৈনিক মজুরিভিত্তিক জনবল রয়েছে। কাজের গুরুত্ব বিবেচনায় তাদের বিষয়টি বিবেচনায় রাখার অনুরোধ জানান।

২.১১। Shohoz-Synesis-Vincen JV এর প্রতিনিধি সভায় জানান ঈদ-উল-ফিতরের সময় অনলাইনের ক্ষেত্রে যে সমস্যা হয়েছে এবার তা সমাধান করা হয়েছে। নতুন যে কাউন্টারগুলো খোলা হবে সেগুলোতেও কাজ করা হবে। টিকিট বিক্রয়ের জন্য মোবাইল এ্যাপস " রেলসেবা" তৈরি করা হয়েছে এবং তা কর্তৃপক্ষের অনুমোদন পেলে সহসাই কার্যক্রম শুরু করা হবে।

২.১২। সচিব, রেলপথ মন্ত্রণালয় সভায় বলেন পবিত্র ঈদ-উল-ফিতরের সময় সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ অক্লান্ত পরিশ্রমে রেল যাত্রীদের বাড়ী পৌঁছাতে সাহায্য করেছেন। এ জন্য তিনি তাঁদের সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। আসন্ন ঈদেও সকলে একসাথে মাঠ পর্যায়ে কাজ করে নিরাপদ যাত্রী পরিবহন ও সেবার সর্বোচ্চ মান নিশ্চিতকরণের বিষয়ে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি ঢাকাগামী রেলসমূহ জয়দেবপুর ও বিমানবন্দর স্টেশনে না থামার বিষয়ে আলোকপাত করেন।

২.১৩। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষে নিরাপদ, স্বাচ্ছন্দ্যে ও আরামদায়ক ট্রেন ভ্রমণ নিশ্চিতকরণের লক্ষে বাংলাদেশ রেলওয়ে হতে সর্বাত্বক প্রচেষ্টা গ্রহণের উদ্যোগ নেয়ার বিষয়টি সভায় উল্লেখ করেন।

২.১৪। সভাপতি বলেন সহজ ডট কম এর মাধ্যমে কতজন যাত্রী টিকিট কাটার জন্য চেষ্টা করছে এবং কতটি টিকিট বিক্রয় হয়েছে এবং কতটি অবশিষ্ট আছে তার তথ্য অ্যাপসে থাকতে হবে। টিকিট বিক্রয়ের সিস্টেম আপডেট করতে হবে যাতে বুকিং সহকারী বাটন চাপলে কাউন্টারের উপরে ডিসপ্লে থেকে পাবলিক তথ্য পেতে পারে। এছাড়া বাংলাদেশ রেলওয়ের ড্রেস ব্যবহারের বিষয়ে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। সভাপতি সবার সম্মিলিত প্রচেষ্টায় গত ঈদের ন্যায় এবারও সফলভাবে ট্রেন পরিচালনার আশাবাদ ব্যক্ত করেন। তিনি সকলকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের বিষয় স্মরণ করিয়ে দেন।

২.১৫। রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে ও বিভিন্ন দপ্তর/সংস্থা হতে আগত উর্ধ্বতন কর্মকর্তাগণ আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষে অগ্রিম টিকিট বিক্রয়, টিকিট কালোবাজারি রোধ, যাত্রীদের নিরাপদ চলাচল, আইন শৃঙ্খলা রক্ষা, স্বাভাবিক ও বিশেষ ট্রেন সার্ভিস পরিচালনা করার বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন।

৩। **সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত</th><th>কার্যক্রম গ্রহণে</th></tr>
<tr><td>৩.১</td><td>অগ্রিম টিকিট বিক্রয় ও ব্যবস্থাপনা :<br><br>(ক) পবিত্র ঈদ-উল-আযহা (সম্ভাব্য তারিখ ১০/০৭/২০২২) উদ্যাপন উপলক্ষে ঘরমুখো যাত্রীদের ভ্রমণের সুবিধার্থে ঢাকা শহরের ৬টি ও জয়দেবপুর রেলওয়ে স্টেশনে ০১টিসহ সর্বমোট ৭টি স্থান হতে বিশেষ ব্যবস্থাপনায় সকাল ০৮:০০ টা থেকে নিম্ন কর্মসূচি অনুযায়ী অগ্রিম টিকিট বিক্রয় করা হবে:<br>
<table>
<tr><th>বিক্রয়ের তারিখ</th><th>যাত্রার তারিখ</th></tr>
<tr><td>০১ জুলাই, ২০২২</td><td>০৫ জুলাই, ২০২২</td></tr>
<tr><td>০২, জুলাই, ২০২২</td><td>০৬ জুলাই, ২০২২</td></tr>
<tr><td>০৩, জুলাই, ২০২২</td><td>০৭ জুলাই, ২০২২</td></tr>
<tr><td>০৪ জুলাই, ২০২২</td><td>০৮ জুলাই, ২০২২</td></tr>
<tr><td>০৫জুলাই, ২০২২</td><td>০৯ জুলাই, ২০২২</td></tr>
</table></td><td>মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br><br>অতি: মহাপরিচালক (অপারেশন);<br><br>ও<br><br>লিড পার্টনার , Shohoz-Synesis-Vincen JV</td></tr>
</table>

- " টিকিট যার ভ্রমণ তার" শ্লোগান বাস্তবায়নে টিকিট ক্রয়ের ক্ষেত্রে সম্মানিত যাত্রীদের এনআইডি/জন্ম সনদ ফটোকপি কাউন্টারে প্রদর্শনপূর্বক টিকিট ক্রয় করতে হবে।
- "রেল সেবা" মোবাইল অ্যাপ ও ইন্টারনেটে ই-টিকিটিং এর মাধ্যমে ঈদ অগ্রিম টিকিট বিক্রি সকাল ৮:০০ টা হতে শুরু হবে;
- কাউন্টারে সকাল ০৮:০০ ঘটিকা হতে বিকাল ১৬:০০ ঘটিকা পর্যন্ত একনাগাড়ে অগ্রিম টিকিট বিক্রয় চলবে;
- প্রতিটি টিকিট বিক্রয় কেন্দ্রে মহিলা ও প্রতিবন্ধী যাত্রীদের জন্য একটি করে আলাদা কাউন্টার থাকবে;
- প্রতিটি আন্ত:নগর ট্রেনে শুধুমাত্র মহিলা ও প্রতিবন্ধী যাত্রীদের জন্য একটি করে স্বতন্ত্র কোচ সংযোজন করা হবে;
- একজন যাত্রী একসাথে সর্বোচ্চ ০৪ (চার) টিকিট ক্রয় করতে পারবেন;
- ঈদের অগ্রিম বিক্রিত টিকিট ফেরৎ নেয়া হবে না;
- স্পেশাল ট্রেনের কোন টিকেট অনলাইনে পাওয়া যাবে না। শুধুমাত্র স্টেশন কাউন্টার হতে বিক্রি করা হবে।

বি:দ্র: বী.মু.সি.ই (পঞ্চগড়) ঈদ স্পেশাল ট্রেনের অগ্রিম টিকিট জয়দেবপুর ও ঢাকা রেলওয়ে স্টেশন হতে বিক্রয় করা হবে। তবে যাত্রা শুরু হবে জয়দেবপুর রেলওয়ে স্টেশন হতে।

* ঢাকা হতে বর্হিগামী ট্রেনের প্রতিদিন মোট আসন সংখ্যা হবে ২৬৭১৩টি; যার অর্ধেক টিকিট কাউন্টার হতে এবং অর্ধেক টিকেট অনলাইনে বিক্রি হবে;
* ঢাকা হতে দেওয়ানগঞ্জ ঈদ স্পেশাল ট্রেনের প্রতিদিন ৮০০ আসন এবং বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম ঈদ স্পেশাল ট্রেনের প্রতিদিন ২০০ আসনসহ মোট ১০০০ আসনের টিকিট ঢাকা কাউন্টার হতে বিক্রি হবে;
* জয়দেবপুর স্টেশন হতে বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম ঈদ স্পেশাল ট্রেনের প্রতিদিন ৫০০ আসনের বিক্রি হবে। (মোট ৭০০ আসন)

(খ) ঈদ ফেরত টিকিট বিক্রয়:

ঈদ পরবর্তী সময়ে যাত্রীদের ভ্রমণের জন্য বিশেষ ব্যবস্থাপনায় সকাল ০৮:০০ টা থেকে নিম্নের কর্মসূচি অনুযায়ী টিকিট বিক্রয় করা হবে:

| বিক্রয়ের তারিখ | যাত্রার তারিখ | মন্তব্য |
|---|---|---|
| ০৭ জুলাই, ২০২২ | ১১ জুলাই, ২০২২ | ১০ জুলাই ২০২২ ঈদ হলে ১১ জুলাই ২০২২ সীমিত কয়েকটি আন্ত:নগর ট্রেন চলাচল করবে তবে ১২ জুলাই ২০২২ হতে সকল ট্রেন চলাচল করবে। |
| ০৮ জুলাই, ২০২২ | ১২ জুলাই, ২০২২ | |
| ০৯ জুলাই, ২০২২ | ১৩ জুলাই, ২০২২ | |
| ১১ জুলাই, ২০২২ | ১৪ ও ১৫ জুলাই, ২০২২ | |

৩.২ **আইন-শৃঙ্খলা রক্ষা বিষয়ক :**

(ক) ঈদ পূর্ব অগ্রিম টিকিট বিক্রয় এবং যাত্রীদের চলাচলের সময় রেলওয়ে স্টেশন এবং স্টেশনসংলগ্ন এলাকার নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ, টিকিট কালোবাজারি, নাশকতা ও অন্যান্য অপরাধসমূহ, যেমন-অজ্ঞান পার্টি, পকেটমার, ছিনতাই প্রভৃতি প্রতিরোধের নিমিত্ত র‍্যাব, পুলিশ এর পক্ষ হতে ঢাকা স্টেশন, ঢাকা বিমানবন্দর, জয়দেবপুর, সিলেট, ময়মনসিংহ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও দিনাজপুরসহ অন্যান্য বড় বড় স্টেশনে টহল জোরদার করা হবে। রেলওয়ের নিরাপত্তা বাহিনী,

মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ;

মহা-পরিচালক র‍্যাব ফোর্সেস;

| | | |
|---|---|---|
| | পুলিশ, বিজিবি ও র‍্যাব পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে রেলস্টেশনসহ গুরুত্বপূর্ণ রেলওয়ে স্থাপনাসমূহে টহল জোরদার করতে হবে;<br>(খ) চলন্ত ট্রেনে, স্টেশনে বা রেল লাইনে কোথাও যাতে কোন নাশকতামূলক কর্মকান্ড ঘটতে না পারে সে বিষয়ে নজরদারি জোরদার করতে হবে;<br>(গ) স্টেশন প্লাটফর্ম, স্টেশন এ্যাপ্রোচে ও চলন্ত ট্রেনে ছিনতাইকারী, অজ্ঞানপার্টি, মলমপার্টি ও দুর্বৃত্তদের কবলে পড়ে যাত্রী সাধারণ যেন হয়রানির শিকার না হয়, সে দিকে সতর্ক দৃষ্টি রেখে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;<br>(ঘ) অন লাইনে যে সকল টিকিট বিক্রি হয় সেগুলো যেন কালোবাজারিদের হাতে না যায় অর্থাৎ তারা যেন কালোবাজারিতে বিক্রয় করতে না পারে সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং<br>(ঙ) ঈদে আইন-শৃংঙ্খলা ও নাশকতা রোধে সমন্বিত টাস্কফোর্স কাজ করবে। | অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ;<br>ঢাকা মেট্রোপলিটন পুলিশ;<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে;<br>পুলিশ সুপার, সংশ্লিষ্ট রেলওয়ে জেলা; এবং<br>চিফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম) আরএনবি। |
| ৩.৩ | **ট্রেনের সময়ানুবর্তিতা বজায় রাখাঃ**<br>(ক) ঈদ উপলক্ষে সুষ্ঠু ও সময়ানুবর্তিতার সাথে ট্রেন পরিচালনা নিশ্চিত করতে হবে।<br>(খ) রেলওয়ের ট্র্যাকসমূহে বিশেষত: যে সকল স্থানে সিংগেল লাইন রয়েছে, সে সকল স্থানে নিবিড় পাহারার মাধ্যমে ট্র্যাকের সুরক্ষা নিশ্চিত করতে হবে এবং ট্রেনের লাইনচ্যুতিজনিত দুর্ঘটনা বন্ধের ব্যবস্থা করতে হবে; এবং<br>(গ) সময়ানুবর্তিতার সাথে সুষ্ঠু ও নিরাপদ ট্রেন চলাচল নিশ্চিত করার নিমিত্ত রেল পরিচালনার সাথে সম্পৃক্ত সকল কর্মকর্তা/কর্মচারিদের ঈদকালীন ছুটি বাতিল করতে হবে। এক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীর গাফিলতি কিংবা দায়িত্ব অবহেলার কারণে সময়ানুবর্তিতা ব্যাহত হলে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br>মহাপরিচালক বিজিবি;<br>মহাপরিচালক, র‍্যাব ফোর্সেস;<br>ও<br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন)। |
| ৩.৪ | **বিশেষ ট্রেন পরিচালনা:**<br>আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঘরমুখো যাত্রীদের ভ্রমণের সুবিধার্থে ৬ জোড়া বিশেষ ট্রেন পরিচালনা করা হবে। ট্রেনগুলো হলো- | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে,<br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন/আরএস)<br>,<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম),<br>ডিআরএম (সকল)<br>লিড পার্টনার ,<br>Shohoz-Synesis-Vincen JV |

| ট্রেন | রুট | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| • দেওয়ানগঞ্জ স্পেশাল | ঢাকা-দেওয়ানগঞ্জ-ঢাকা | সকল ঈদ স্পেশাল ট্রেন ঈদের পূর্বে ৩ দিন এবং ঈদের পরের দিন হতে ৫ দিন চলাচল করবে। | |
| • চাঁদপুর স্পেশাল-১ | চট্টগ্রাম-চাঁদপুর-চট্টগ্রাম | | |
| • চাঁদপুর স্পেশাল-২ | চট্টগ্রাম- চাঁদপুর-চট্টগ্রাম | | |
| বী.মু.সি.ই. (পঞ্চগড়) ঈদ স্পেশাল | জয়দেবপুর- বী.মু.সি.ই. (পঞ্চগড়) - জয়দেবপুর | ঈদের পূর্বে ৩ দিন এবং ঈদের পরের দিন হতে ৪ দিন চলাচল করবে। | |
| • সোলাকিয়া স্পেশাল-১ | ভৈরববাজার-কিশোরগঞ্জ-ভৈরববাজার | পবিত্র ঈদের দিন | |
| • সোলাকিয়া স্পেশাল-২ | ময়মনসিংহ-কিশোরগঞ্জ-ময়মনসিংহ | পবিত্র ঈদের দিন | |

| | | |
|---|---|---|
| | ➢ রংপুর ও লালমনিরহাটগামী যাত্রীদের সুবিধার্থে বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম ঈদ স্পেশাল ট্রেনে রংপুর ও লালমনিরহাট স্টেশনের অনুকূলে আসন বরাদ্দ থাকবে। বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম ঈদ স্পেশাল ট্রেনে রংপুর ও লালমনিরহাটগামী যাত্রীগণের জন্য পার্বতীপুর হতে কানেক্টিং ট্রেনে রংপুর ও লালমনিরহাট ভ্রমণের ব্যবস্থা থাকবে। | |
| ৩.৫ | **কন্ট্রোল রুম এবং ভিজিলেন্স টীম গঠন:**<br><br>ঈদ-উল-আযহা উপলক্ষে চলাচলরত ট্রেনের তথ্য সংগ্রহসহ জরুরি খবরাখবর জানানোর জন্য বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে ৪টি বিভাগে ৪টি এবং রেলভবনে ০১টি কন্ট্রোল রুম খুলতে হবে এবং কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর যাত্রী সাধারণসহ সকলকে বিজ্ঞপ্তি আকারে জানিয়ে দিতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে; এবং<br><br>যুগ্মসচিব (প্রশাসন) |
| ৩.৬ | **যাত্রী সচেতনতা বৃদ্ধি ও প্রচার মাধ্যমে বিজ্ঞাপন প্রদান:**<br><br>(ক) নিরাপদ রেল ভ্রমণে যাত্রীদের করণীয় বিষয়ে সচেতন করার জন্য পাবলিক এ্যাড্রেস (পিএ) সিস্টেমের মাধ্যমে ঘন ঘন প্রচারের ব্যবস্থা করতে হবে। অপরিচিত ব্যক্তির নিকট থেকে কোন খাদ্য দ্রব্য গ্রহণ না করার বা লাগেজ কোথায়ও গচ্ছিত না রাখার বিষয়েও প্রচার করতে হবে;<br>(খ) যাত্রী সাধারণের ট্রেনের ছাদে ভ্রমণ নিরুৎসাহিত করতে হবে। ট্রেনের ছাদে উঠার জন্য মই ব্যবহার বন্ধ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>(গ) ঈদ উপলক্ষ্যে ট্রেনের সিডিউল, ট্রেনের অবস্থান, কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর'সহ জরুরি বিষয়াদি বিজ্ঞাপনের মাধ্যেমে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার করতে হবে; এবং<br>(ঘ) কোন মিডিয়ায় ভুল তথ্য প্রচার করা হলে বাংলাদেশ রেলওয়ের পক্ষ থেকে সঠিক তথ্য প্রচারের ব্যবস্থা করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br>অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ;<br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন);<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), ডিআরএম (সকল);<br><br>চীফ কমান্ডেন্ট (পূর্ব/পশ্চিম) পরিচালক (ট্রাফিক)<br><br>ও<br>লিড পার্টনার , Shohoz-Synesis-Vincen JV |
| ৩.৭ | **বিবিধ:**<br><br>(ক) অগ্রিম টিকিট ক্রয়ের সময় সকল যাত্রীকে NID/Birth Certificate/College ID Card/Passport ইত্যাদি প্রদর্শন করতে হবে এবং **"টিকিট যার ভ্রমণ তার"** শ্লোগানের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে; এবং এতদ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পোস্টার/লিফলেট/টেলিভিশনের স্ক্রলের মাধ্যমে প্রচারণা/জাতীয় দৈনিক বিজ্ঞাপন প্রদানসহ বিভিন্ন মাধ্যম ব্যবহার করে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে।<br>(খ) ট্রেনের বাতি, ফ্যান, টয়লেটে পানি ও পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। এছাড়া প্লাটফরম, ওয়েটিং রুম পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে; | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br><br>অতিরিক্ত মহাপরিচালক , (অপারেশন/ আরএস);<br><br>মহাব্যবস্থাপক (পূর্ব/ পশ্চিম); |

২৬

| | | |
|---|---|---|
| | **(গ) "ক্যাটেল স্পেশাল" ট্রেন পরিচালনা: ঈদ-উল-আযহা উপলক্ষে পূর্বাঞ্চলে দেওয়ানগঞ্জ বাজার রেলওয়ে স্টেশন ও পশ্চিমাঞ্চলে চাঁপাইনবাবগঞ্জ রেলওয়ে স্টেশন হতে ঢাকা পর্যন্ত কোরবানির পশু পরিবহনের জন্য "ক্যাটেল স্পেশাল" ট্রেন পরিচালনা করা হবে।** | ডিআরএম (সকল);<br>চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম),<br>পিআরও, রেলপথ মন্ত্রণালয়<br><br>ও<br><br>লিড পার্টনার ,<br>Shohoz-Synesis-Vincen JV |
| | **(ঘ) ঈদ উপলক্ষে অতিরিক্ত চাহিদা মেটানোর জন্য মোট ৬৭টি (পাহাড়তলী ওয়ার্কশপ থেকে ৪০টি এমজি ও সৈয়দপুর ওয়ার্কশপ হতে ৬টি এমজি ও ২১টি বিজি মোট ২৭টি) যাত্রীবাহী কোচ সার্ভিসে অন্তর্ভুক্ত করা হবে।** | |
| | **(ঙ) ঈদ উপলক্ষে অতিরিক্ত চাহিদা মেটানোর জন্য মোট ২১৩টি (পূর্বাঞ্চল ১০৮টি ও পশ্চিমাঞ্চল ১০৫টি) লোকোমোটিভ যাত্রীবাহী ট্রেনে ব্যবহার করা হবে।** | |
| | (চ) অননুমোদিত স্থানে যাতে ট্রেন না থামে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এক শ্রেণীর যাত্রী অন্য শ্রেণীর কম্পার্টমেন্টে উঠে যাতে আসন গ্রহণকারী যাত্রীদের অসুবিধা না করে সে বিষয়টি নিশ্চিত করতে হবে; | |
| | (ছ) ০৬ জুলাই হতে ০৯ জুলাই ২০২২ পর্যন্ত ঢাকাগামী একতা, দ্রুতযান. পঞ্চগড়, নীলসাগর, কুড়িগ্রাম, লালমনি ও রংপুর এক্সপ্রেস ট্রেনসমূহের ঢাকা বিমানবন্দর স্টেশনে যাত্রা বিরতি থাকবে না। | |
| | (জ) ঈদ যাত্রার শুরুর দিন (৫ জুলাই ২০২২) হতে ঈদের পূর্ব দিন পর্যন্ত ঢাকা বিমানবন্দর স্টেশন হতে ঢাকাগামী কোন ট্রেনের টিকিট ইস্যু করা হবে না। | |
| | (ঝ) পবিত্র ঈদ উপলক্ষে ঈদের ১০ (দশ) দিন পূর্বে এবং এবং ঈদের পরে ১০ (দশ) দিন পর্যন্ত ট্রেনে সেলুনকার সংযোজন করা হবে না। | |
| | (ঞ) যে কোন জরুরি প্রয়োজনে নিয়োজিত করতে রিলিফ ট্রেনসমূহ স্ব-স্ব অবস্থানে প্রস্তুত রাখতে হবে। | |
| | (ট) অগ্রিম টিকিট বিক্রয়ের তথ্যাদি ডিসপ্লে মনিটরের মাধ্যমে পরিদর্শন করতে হবে; | |
| | (ঠ) যাত্রীবাহী ট্রেন চলাচলের সুবিধার্থে ঈদের ০৩ (তিন) দিন পূর্ব থেকে কনটেইনার ও জ্বালানি তেলবাহী ট্রেন ছাড়া কোন গুডস ট্রেন চলাচল করবে না। | |
| | (ড) ঈদ-উল আযহার দিন বিশেষ ব্যবস্থাপনায় কতিপয় মেইল এক্সপ্রেস ট্রেন চলাচলের ব্যবস্থা করা হবে। তবে কোন আন্ত:নগর ট্রেন চলাচল করবে না। | |
| | (ঢ) ০৬/০৭/২০২২ থেকে ১৪/০৭/২০২২ তারিখ পর্যন্ত মিতালী এক্সপ্রেস এবং ০৭/০৭/২০২২ থেকে ১৪/০৭/২০২২ তারিখ পর্যন্ত মৈত্রী এক্সপ্রেস ও বন্ধন এক্সপ্রেস ট্রেন চলাচল করবে না। | |
| | (ণ) মোবাইল এ্যাপস এর মাধ্যমে টিকিট বিক্রয় কার্যক্রম জরুরি ভিত্তিতে শুরু করতে হবে। | |

26

| | | |
|---|---|---|
| | (ত) গুরুত্বপূর্ণ স্টেশনে কর্মকর্তা নিয়োগ: পবিত্র ঈদের পূর্বের ও পরের ৫ দিন ঢাকা, ঢাকা বিমানবন্দর, জয়দেবপুর, সিলেট, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্টেশনে যে কোন বিশেষ পরিস্থিতিতে তাৎক্ষনিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক পরিস্থিতি মোকাবেলার প্রয়োজনে ঢাকা, ঢাকা বিমানবন্দর, জয়দেবপুর স্টেশনে আন্ত:জোনাল আন্ত:নগর ট্রেন পরিচালনায় জরুরি সমস্যা সমাধানের সুবিধার্থে কর্মকর্তা নিয়োজিত করার ব্যবস্থা করা হবে।<br>(থ) আগামী ২২/০৬/২০২২ তারিখে অগ্রিম টিকিট বিক্রয়, টিকিট কালোবাজারি রোধ, যাত্রীদের নিরাপদ চলাচল, আইন শৃঙ্খলা রক্ষা, স্বাভাবিক ও বিশেষ ট্রেন সার্ভিস পরিচালনা করার বিষয়টি প্রেস কনফারেন্সের মাধ্যমে সাংবাদিকদের অবহিত করা হবে; | |

৪। সভাপতি উপস্থিত সকলকে পবিত্র ঈদ-উল-আযহার অগ্রিম শুভেচ্ছা জানান এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নূরুল ইসলাম সুজন, এমপি)
মন্ত্রী
রেলপথ মন্ত্রণালয়

বিষয় ঃ **পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২ উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভা।**

সভার তারিখ ও সময় ঃ ১৪ জুন, ২০২২; সকাল ১১:০০ ঘটিকায়

স্থান ঃ সভাকক্ষ (কক্ষ নম্বর-৮২৫, ৮ম তলা), রেলপথ মন্ত্রণালয়

সভাপতি ঃ মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়।

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:**

| ক্রমিক | নাম ও পদবি | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | | | | |
| ০২। | মো: হাবিবুর রহমান অতিরিক্ত সচিব | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১ ২৬১১১৫৪ habibur79@gmail.com | [signature] |
| ০৩। | জালাল উদ্দিন আহমেদ যুগ্মসচিব | ঐ | — | [signature] ১৪/৬/২০২২ |
| ০৪। | মোহাম্মদ শওকত রশীদ চৌধুরী, যুগ্মসচিব | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১১৯৩৯৭৪০ | [signature] |
| ০৫। | মুহাম্মদ আনোয়ারুল হক উপসচিব (সার্বিক প্রশাসন) | রেলপথ মন্ত্রণালয় | 01755500470 | [signature] ১৪/৬/22 |
| ০৬। | সেক্টর মো: ইসরাফিল আলম, পিএসসি অতি: পরিচালক, অপারেশন | সদর দপ্তর বিজিবি | 01769600114 | [signature] ১৪/০৬/২০২২ |
| ০৭। | মীর আলমগীর হোসেন উপসচিব (প্রশা: ৪) | MOR | 01755500473 | [signature] ১৪/৬ |

| ক্রমিক | নাম ও পদবি | সংস্থা/মন্ত্রণালয় | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০৮। | আ.স.ম আশরাফুল আলম<br>উপ সচিব (প্রশাসন) | রেলপথ মন্ত্রণালয় | | [signature] |
| ০৯। | মোঃ খালিদ মাইনুল আমিন<br>উপসচিব | [illegible]<br>[illegible] মন্ত্রণালয় | ০১৭৮৬২০১৩১৪<br>fol6@mha-psd.gov.bd | [signature] |
| ১০। | মুহাম্মদ কুদরত-ই-খুদা<br>প্রধান যন্ত্র প্রকৌশলী/পশ্চিম<br>বাংলাদেশ রেলওয়ে | BR | 01711506112<br>cmew@railway.gov.bd | [signature] |
| ১১। | নির্ঝর আলম সামস্য<br>উপ-পরিচালক, [illegible] | [illegible] | 01712209102 | [signature] |
| ১২। | মোহাম্মদ সাদেকুল ইসলাম<br>প্রধান বাণিজ্যিক কর্মকর্তা (পূর্ব)<br>বাংলাদেশ রেলওয়ে। | BR | 01711506114<br>ccme@railway.gov.bd | [signature] 14/6/2022 |
| ১৩। | এ.এস.এম সালাহ উদ্দীন<br>জেডিজি (অপারেশন)<br>[illegible]. | বাংলাদেশ রেলওয়ে | 01711506118.<br>jdgop@railway.gov.bd | [signature] 14/06/2022 |
| ১৪। | মো: রফিকুল ইসলাম<br>সিওপিএস/পশ্চিম<br>বাংলাদেশ রেলওয়ে | বাংলাদেশ রেলওয়ে | 01711506109 | [signature] ১৪/০৬/২২ |
| ১৫। | মোহাম্মদ সফিকুর রহমান<br>ডিআরএম/ঢাকা | বিআর | 01711506137 | [signature] ১৪/৬/২২ |
| ১৬। | মোঃ শাহীদুল ইসলাম<br>DRM, PKC | বাংলাদেশ রেলওয়ে | 01711506130 | [signature] ১৪/৬/2022 |

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | **পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২ উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভা।** |
| সভার তারিখ ও সময় | ঃ | ১৪ জুন, ২০২২; সকাল ১১:০০ ঘটিকায় |
| স্থান | ঃ | সভাকক্ষ (কক্ষ নম্বর-৮২৫, ৮ম তলা), রেলপথ মন্ত্রণালয় |
| সভাপতি | ঃ | মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়। |

## সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

| ক্রমিক | নাম ও পদবি | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | ডি এন মজুমদার<br>মহাপরিচালক | বাংলাদেশ রেলওয়ে | | [illegible] ১৪/৬<br>2022 |
| ০২। | সরদার সাহাদাত আলী<br>অতি: মহাপরিচালক/অপা: | বাংলাদেশ রেলওয়ে | 01711505310 | [illegible]<br>১৪/৬/2022 |
| ০৩। | মো: কামরুল আহসান<br>ডিজি(আই) | " | ০১৭১১৫০৫৩০১ | [illegible]<br>১৪/৬/2022 |
| ০৪। | মো: মঞ্জুর-উল-আলম চৌধুরী<br>ADG/RS | BR | 01711505302 | [illegible]<br>১৪/৬ |
| ০৫। | মো: শহীদুল আলম<br>জিএম (পূর্ব) | BR | 01711505308 | [illegible]<br>১৪/৬/২২ |
| ০৬। | অসীম কুমার তালুকদার | বিআরটি | 01711505309 | [illegible]<br>14/6/2022 |
| ০৭। | এ কে এম মোশাররফ হোসেন মিয়া<br>অতি: ডি আই জি (TM) | Pol. HQ | 01320000218 | [illegible]<br>১৪/০৬/22 |

| ক্রমিক | নাম ও পদবি | সংস্থা/মন্ত্রণালয় | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৭। | শাহ সুফী নুর মোহাম্মদ<br>DRM/LMH | B.R | 01711506136<br>drmlmh@railway.gov.bd | ১৪/০৬/২২ |
| ১৮। | Md. Sharkat Zamil Mohosi<br>DCO/DA | B.R | 01711691643<br>dcoda@railway.gov.bd | 14.6.22 |
| ১৯। | Shahil Jowad Rahim<br>Director, tickets | Shohoz-Synesis-Vincen JV | 01777752810<br>shahil.rahim@shohoz.com | 14.06.22 |
| ২০। | Jubaer Hossain<br>Vice President, Business SSV JV | Shohoz Synesis Vincent JV | 01714057773<br>jubaer.hossain@shohoz.com | 14/06/22 |
| ২১। | SANDEEP DEBNATH<br>CHIEF OPERATING OFFICER<br>SHOHOJ LIMITED | SHOHOZ SYNESIS VINCEN JV | 01777752800<br>SANDEEP.DEBNATH@SAOHOZ.COM | 14/06/22 |
| ২২। | | | | |
| ২৩। | | | | |
| ২৪। | | | | |
| ২৫। | | | | |